মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডি সিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়	০১	০১	০	০	০	০১	২৫ %	০	০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০১ (এক)

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
সাপোর্ট টু ডেভেলপ প্রজেক্ট প্রপোজাল ফর এস্টাবলিশমেন্ট অব প্যানোরামা ইন বাংলাদেশ (সমীক্ষা প্রকল্প)।	১৯০.৫০	জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০১৯

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সুপারিশ
(১) প্রকল্পটির যদি নিয়োমিত পিআইসি সভা করা হতো তাহলে প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি সময়মত পর্যালোচনা করে ব্যবস্থা নেয়া যেত। এ বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ভবিষ্যতে এ ব্যাপারে সতর্ক থাকতে হবে; (২) নিরীক্ষা অধিদপ্তর মাধ্যমে প্রকল্পের অডিট সম্পন্ন করে তার প্রমাণক আইএমইডি'তে প্রেরণ করতে হবে; (৩) কোন প্রকল্প সমাপ্ত হলে প্রকল্প সংক্রন্ত বিভিন্ন দলিল কোন দায়িত্বশীল কর্মকর্তার অধীনে সংরক্ষণ করতে হবে; যা এ প্রকল্পে ব্যতয় হয়েছে; ভবিষ্যতে সমাপ্ত প্রকল্পের দলিলাদি সংরক্ষণনের বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো; (৪) প্রকল্পটি মে ২০১৯ এ সমাপ্ত হলেও আইএমইডি'তে পিসিআর পাওয়া যায় ০৭/০৭/২০২২ তারিখে। প্রায় ০৩ (তিন) বছরেরও অধিক সময়; যা মোটেই কাম্য নয়। প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

সাপোর্ট টু ডেভেলপ প্রজেক্ট প্রপোজাল ফর এস্টাবলিশমেন্ট অব প্যানোরামা ইন বাংলাদেশ (সমীক্ষা প্রকল্প)
শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: মে, ২০১৯)

১। **প্রকল্পের নাম** : সাপোর্ট টু ডেভেলপ প্রজেক্ট প্রপোজাল ফর এস্টাবলিশমেন্ট অব প্যানোরামা ইন বাংলাদেশ (সমীক্ষা প্রকল্প)।

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : মো: জুলহাজ আলী সরকার, সহকারী পরিচালক, সেক্টর-১, আইএমইডি।

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ০২ মে ২০২৩ খ্রি:।

৪। **প্রকল্পের অবস্থান** : ঢাকা।

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর।

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

৭। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল** : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ) জিওবি এবং --	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৯০.৫০	১৯০.৫০		জুলাই ২০১৮ -জুন ২০১৯	জুলাই ২০১৮ - ডিসেম্বর ২০১৯	সেপ্টেম্বর ২০১৮ - ডিসেম্বর ২০১৯	-	৬মাস (২৫%)

৮। **পটভূমি:**

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়, যা বিশ্ব ইতিহাসে এক অসাধারণ অর্জন। বাংলাদেশের সকল শ্রেণীর মানুষ; পুরুষ, নারী, চাষী, বুদ্ধিজীবী, পেশাজীবী, শিক্ষক, ছাত্র, সাংবাদিক সকলে দৃঢ় সংকল্প নিয়ে একসাথে দখলদার পাকিস্তানি বাহিনী ও তাদের এদেশীয় দোসরদের বিরুদ্ধে লড়াই করে।

১৯৭১ সালের ২৫শে মার্চ পাকিস্তানের দখলদার সেনাবাহিনী রক্তক্ষয়ী গণহত্যা শুরু করে ইতিহাসে একটি লজ্জাজনক অধ্যায় যোগ করে। তারা বাংলাদেশী জাতির অস্তিত্বকে নিশ্চিহ্ন করতে চেয়েছিল। দখলদার পাকিস্তানি বাহিনী ও তাদের দোসররা লাখ লাখ নিরীহ বাংলাদেশী নর-নারী, এমনকি ছোট শিশুকে হত্যা করা করে এবং অগণিত নারীকে লাঞ্চিত করে। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর এক রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে অভ্যুদয় ঘটেছিল একটি সার্বভৌম বাংলাদেশের; লাখ লাখ মানুষ বীরত্বের সঙ্গে দেশের জন্য যুদ্ধ করেছিল। স্বাধীনতার পর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও আমরা আমাদের বীর মুক্তিযোদ্ধাদের মূল্যায়ন করতে ব্যর্থ হয়েছি।

২৩.১০.২০০১ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠার পর মুক্তিযোদ্ধাদের জন্য কল্যাণমূলক কার্যক্রম ত্বরান্বিত হয়েছে। এর ধারাবাহিকতায় " সাপোর্ট টু ডেভেলপ প্রজেক্ট প্রপোজাল ফর এস্টাবলিশমেন্ট অব প্যানোরামা ইন বাংলাদেশ (সমীক্ষা প্রকল্প)" গ্রহণ করা হয় যাতে পরবর্তী প্রজন্ম আমাদের মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানতে পারে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল বাংলাদেশে দু'টি প্যানোরামা (ঢাকা ও মুজিবনগর) প্রতিষ্ঠার জন্য একটি প্রকল্প প্রস্তাব তৈরিতে সহায়তা করা যাতে পরবর্তী প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধ দেখানো হয় এবং যাতে তারা জাতির প্রকৃত ইতিহাস জানতে পারে।

৯। **উদ্দেশ্য:**

- আমাদের মুক্তিযুদ্ধের স্মৃতি ধরে রাখতে বাংলাদেশে দুটি প্যানোরামা স্থাপনের জন্য একটি সম্ভাব্যতা প্রতিবেদন প্রস্তুত;
- আমাদের মুক্তিযুদ্ধের স্মৃতি সমুন্নত রাখতে বাংলাদেশে প্যানোরামা স্থাপনের জন্য প্রকল্পের ধারণাপত্র তৈরি;
- প্রকল্পের স্থাপত্য নকশা এবং বিশদ কাঠামোগত নকশা প্রস্তুত;
- মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য সমগ্র প্রকল্পের একটি ধারণা প্রদান;
- সম্ভাব্য প্যানোরামাগুলোকে কার্যকর করার জন্য পরামর্শ প্রদান।

- প্রকল্পটি সম্পন্ন হলে স্থাপনাগুলির রক্ষণাবেক্ষণের জন্য নির্দেশিকা প্রস্তাব করা।
- মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য একটি সম্পূর্ণ প্রকল্প প্রস্তাব (DPP) তৈরি করা।

১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: (লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব						
	আপ্যায়ন	থোক	০.২৫			
	সম্মানী	থোক	০.২৫			
	বিজ্ঞাপন	থোক	০..২৫			
	ভ্রমণ ভাতা		০.২৫			
	বিদেশ প্রশিক্ষণ	থোক	১৭১.৭০		১৭১.৭০	
	পেট্রোল, ওয়েল, লুব্রিক্যান্ট	থোক	০.১০			
	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প	থোক	০.৩০			
	পরামর্শক সেবা	থোক	১০.০০			
	কম্পিউটার ও অফিস উপকরণ	থোক	০.১০			
	উপকরণ ও এক্সেসরিজ	থোক	০.১০			
	উপমোট (রাজস্ব)		১৮৩.৫০		১৭১.৭০	
(খ) মুলধন						
	কম্পিউটার ও ও এক্সেসরিজ	থোক	২.০০			
	ল্যাপটপ	থোক	১.০০			
	ফটোকপিয়ার	থোক	৩.০০			
	উপমোট (মূলধন)		৭.০০			
	মোট (রাজস্ব+মূলধন)		**১৯০.৫০**		১৭১.৭০	

১১। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

মুল কাজ অসমাপ্ত নেই।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃসাঃ	নিজস্ব			ব্যয় (%)	মেয়াদ (%)
	১৯০.৫০	১৯০.৫০	-	-	জুলাই ২০১৮ - ডিসেম্বর ২০১৯	২০.০৫.২০১৯	-	২৫%

১৩। প্রকল্প সংশোধনের প্রধান কারণ:

১) আন্তঃখাত সমন্বয়
২) বিদেশ প্রশিক্ষণের টীমের সংখ্যা বৃদ্ধি ও
৩) মেয়াদ বৃদ্ধি।
৪)

১৪। প্রকল্পের ভৌত অগ্রগতিঃ

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
১.	বিদেশ প্রশিক্ষণ	১০০%

১৪.১ আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

		এডিপি/আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থ ছাড়	ব্যয়			অব্যয়িত জিওবি অর্থ
অর্থ বছর	মোট	জিওবি	পিএ	ভৌত (%)		মোট	জিওবি	ডেসকো/পিএ	
১	২	৩		৪	৫	৬	৭	৮	৯
২০১৮-২০১৯	১০০.০০	১০০.০০	-	-	১০০.০০	১০০.০০	১০০.০০	-	
২০১৯-২০২০	৯০.৫০	৯০.৫০	-	-	৭৭.৫৯	৭১.৭০	৭১.৭০	-	৫.৮৯

১৪.২ প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ

ক্রম	বিবরণ	ভৌত	মন্তব্য
১.	বিদেশ প্রশিক্ষণ	১০০%	

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
				-	-
দিলিপ কুমার বণিক		✓	১৯.০৪.২০১৮	২১.১০.২০১৮	
নূর-ই-খাজা আলামিন		✓	২৫.১১.২০১৮	০২.০৬.২০২০	

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

Objectives as per PP	Actual achievement	Reasons for shortfall, if any
• আমাদের মুক্তিযুদ্ধের স্মৃতি ধরে রাখতে বাংলাদেশে দুটি প্যানোরামা স্থাপনের জন্য একটি সম্ভাব্যতা প্রতিবেদন প্রস্তুত;	সম্ভাব্য সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত হয়েছে।	-
• আমাদের মুক্তিযুদ্ধের স্মৃতি সমুন্নত রাখতে বাংলাদেশে প্যানোরামা স্থাপনের জন্য প্রকল্পের ধারণাপত্র তৈরি;	প্যানোরামা স্থাপনের জন্য প্রকল্পের ধারণা প্রণীত হয়েছে।	-
• প্রকল্পের স্থাপত্য নকশা এবং বিশদ কাঠামোগত নকশা প্রস্তুত;	-	-
• মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য সমগ্র প্রকল্পের একটি ধারণা প্রদান;	একটি আনুমানিক ব্যয় প্রাক্কলনের তথ্য প্রদান করা হয়েছে।	-
• সম্ভাব্য প্যানোরামাগুলোকে কার্যকর করার জন্য পরামর্শ প্রদান।	-	-
• প্রকল্পটি সম্পন্ন হলে স্থাপনাগুলির রক্ষণাবেক্ষণের জন্য নির্দেশিকা প্রস্তাব করা।	-	-
• মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য একটি সম্পূর্ণ প্রকল্প প্রস্তাব (DPP) তৈরি করা।	ডিপিপি প্রণয়নের প্রাথমিক কাজ শুরু করা হয়েছে।	-

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের উদ্দেশ্য ১০০% অর্জিত হয়েছে।

১৮। প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব: প্রযোজ্য নয়।

১৯। **প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাদি:** পিসিআর এর তথ্য অনুযায়ী প্রকল্পটির কোন অডিট করা হয়নি ।

২০। **স্টিয়ারিং/পিআইসি/পিইসি সভা সংক্রান্ত:** পরিদর্শনকালে সভা অনুষ্ঠানের কোন তথ্য সরবরাহ করতে পারেনি ।

২১। **প্রকল্প বাস্তবায়নে সমস্যা :** প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা হয়নি।

২২। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):** আন্তঃখাত সমন্বয়, বিদেশ প্রশিক্ষণের টীমের সংখ্যা বৃদ্ধি।

২৩। **পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ** প্রকল্পটি মে ২০১৯ এ সমাপ্ত হলেও আইএমইডি'তে পিসিআর পাওয়া যায় ০৭/০৭/২০২২ তারিখে; যা ০৩ (তিন) বছরেরও অধিক সময়। প্রকল্পটির অফিসটি মূলত: মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ে ছিল। বর্তমান এর কোন অফিস কক্ষ নেই। মন্ত্রণালয়ের উন্নয়ন শাখা হতে কিছু তথ্য সরবরাহ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে অতিরিক্ত ৬ মাস সময় লেগেছে। আন্তঃখাত সমন্বয়, বিদেশ প্রশিক্ষণের টীমের সংখ্যা বৃদ্ধি ও মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। মুক্তিযুদ্ধের স্মৃতি ধরে রাখতে বাংলাদেশে দুটি প্যানোরামা স্থাপনের জন্য একটি সম্ভাব্যতা প্রতিবেদন প্রস্তুত; মুক্তিযুদ্ধের স্মৃতি সমুন্নত রাখতে বাংলাদেশে প্যানোরামা স্থাপনের জন্য প্রকল্পের ধারণা; মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য সমগ্র প্রকল্পের একটি আনুমানিক ব্যয় প্রাক্কলনের তথ্য প্রদান এবং মুক্তিযুদ্ধের উপর দুটি প্যানোরামা স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের প্রাথমিক কাজ শুরু করা হয়েছে। প্রকল্পটির ভৌত অগ্রগতি ১০০% ভাগ অর্জিত হয়েছে। প্রকল্পটির কোন অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়নি। পরিদর্শনকালে স্টিয়ারিং/পিআইসি/পিইসি সভার কোন তথ্য পাওয়া যায়নি। প্রশিক্ষণ খাত ছাড়া অন্যকোন খাতে অর্থ ব্যয় হয়নি।

২৪। **<u>মতামত/সুপারিশ:</u>**

(১) প্রকল্পটির যদি নিয়োমিত পিআইসি সভা করা হতো তাহলে প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি সময়মত পর্যালোচনা করে ব্যবস্থা নেয়া যেত। এ বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ভবিষ্যতে এ ব্যাপারে সতর্ক থাকতে হবে;

(২) নিরীক্ষা অধিদপ্তর মাধ্যমে প্রকল্পের অডিট সম্পন্ন করে তার প্রমাণক আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

(৩) কোন প্রকল্প সমাপ্ত হলে প্রকল্প সংক্রন্ত বিভিন্ন দলিল কোন দায়িত্বশীল কর্মকর্তার অধীনে সংরক্ষণ করতে হবে; যা এ প্রকল্পে ব্যতয় হয়েছে; ভবিষ্যতে সমাপ্ত প্রকল্পের দলিলাদি সংরক্ষণনের বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো;

(৪) প্রকল্পটি মে ২০১৯ এ সমাপ্ত হলেও আইএমইডি'তে পিসিআর পাওয়া যায় ০৭/০৭/২০২২ তারিখে। প্রায় ০৩ (তিন) বছরেরও অধিক সময়; যা মোটেই কাম্য নয়। প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

(৫) আগামী ১৫/০৫/২০২৩ তারিখের মধ্যে সুপারিশ সমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিত করতে হবে।